দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা 16 কলাম 8

# বুয়েটে স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি নিয়ে কর্তৃপক্ষের বিরুদ্ধে ছাত্রদল নেতার অভিযোগ

বুয়েট রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রদল নেতার স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি নিয়ে কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ তুলেছে বুয়েট ছাত্রদল। মঙ্গলবার এ উপলক্ষে সংবাদ সম্মেলন আয়োজনের মাধ্যমে ছাত্রদলের পক্ষ থেকে জানানো হয়, বুয়েট ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক মোকাম্মেল হায়াৎ খানকে পেট্রোলিয়াম এবং খনিজসম্পদ (পিএমআরই) বিভাগে ফুলটাইম ছাত্র হিসাবে যথারীতি ভর্তি ও কোর্স রেজিস্ট্রেশন করার পর এখন তাকে পার্টটাইম ছাত্র হিসাবে ভর্তি দেখানো হচ্ছে।

এ ব্যাপারে পিএমআরই বিভাগের প্রধান ড. মোঃ তামিমের সঙ্গে আলাপে জানা যায়, ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তাকে পার্টটাইম ছাত্র হিসাবেই ভর্তির জন্য নির্বাচিত করা হয়। কিন্তু দাফতরিক ভুলের কারণে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকায় তা ফুলটাইম হিসাবে প্রকাশিত হয়। কিন্তু বিষয়টি দৃষ্টিগোচর হওয়ামাত্র কোর্স রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বেই এ ব্যাপারে সংশোধনীর জন্য রেজিস্ট্রার অফিসে জানানো হয়। একাডেমিক কার্যক্রম বিঘ্নিত না করে এ ইস্যু নিয়ে আন্দোলন করার কথা ভাবছে ছাত্রদল। এদিকে বিষয়টি একাডেমিক কাউন্সিলে উত্থাপন করা হচ্ছে বলে জানা গেছে।